

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/২৮ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১২৫.২০১৬-৪৩১—যেহেতু, জনাব মোঃ তৌহিদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভেড়ামারা, কুষ্টিয়া-এর বিরুদ্ধে ভেড়ামারা থানার মামলা নং ২২/১৩ তারিখ ৩১-১২-২০১৩ (বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং ১২৫/১৫), ধারা বিস্ফোরক উপাদানাবলী আইন, ১৯০৮ (সংশোধনী ২০০২) এর ৩/৪ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে ;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ তৌহিদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভেড়ামারা, কুষ্টিয়া-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে ;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ তৌহিদুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হল ।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে ।

ড. জুলিয়া মঈন

সিনিয়র সহকারী সচিব ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত ।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত । web site : www.bgpress.gov.bd

(২৭৫৯)

মূল্য : টাকা ৪.০০